গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
www.lawjusticediv.gov.bd

নং: ১০.০০.০০০০.১২৭.০৮.০০৮.১৮. ৯৫৬

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ / ৩০ নভেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন

রাজশাহী জেলার জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) জনাব মোঃ গোলাম ফারুক এর জন্ম তারিখ ০১/০১/১৯৬৭ হওয়ার প্রেক্ষিতে তাঁকে সরকারি চাকরি আইন,২০১৮ এর ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী ৫৯ (উনষাট) বছর বয়স পূর্তিতে ৩১/১২/২০২৫ তারিখ সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং ছুটির প্রাপ্যতা থাকায় একই আইনের ৪৭ ধারা অনুযায়ী ০১/০১/২০২৬ হতে ৩১/১২/২০২৬ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে অবসর-উত্তর (Post-Retirement Leave) ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩০.১১.২৫
(এ.এফ.এম গোলজার রহমান)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৫৫১০০৮৮৬

নং: ১০.০০.০০০০.১২৭.০৮.০০৮.১৮.৯৫৬

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ / ৩০ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
২। জেলা ও দায়রা জজ, রাজশাহী
৩। জনাব মোঃ গোলাম ফারুক, বিচারক (জেলা ও দায়রা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, রাজশাহী। আপনাকে ০২ ডিসেম্বর,২০২৫ তারিখ হতে ৩১ ডিসেম্বর,২০২৫ তারিখ পর্যন্ত দেওয়ানী আদালত অবকাশকালীন ছুটি থাকায় আগামী ০১/১২/২০২৫ তারিখ অপরাহ্নে বর্তমান পদের দায়িত্বভার রাজশাহীর জেলা ও দায়রা জজ এর নিকট অর্পণপূর্বক অবসর-উত্তর ছুটিতে গমনের জন্য অনুরোধ করা হলো।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪/বাজেট/উন্নয়ন, আইন ও বিচার বিভাগ।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।
৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০। ডিভিশনাল একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাজশাহী।
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩০.১১.২৫
(মোহাম্মদ মনিরুজ্জামান)
উপসচিব(বিচার শাখা-৩)
ফোন-২২৩৩৫৬৬৩১